গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.chapainawabganj.gov.bd

জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আব্দুস সামাদ জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	**০৮.১২.২০২৪ খ্রিস্টাব্দ**
সভার সময়	**সকাল ১০.০০ ঘটিকা**
স্থান	জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ-এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর জেলার অপরাধচিত্র, নারী ও শিশু নির্যাতন/পাচার, মাদক, খাদ্যে ভেজাল, অবৈধ স্থাপনা উচ্ছেদ, নিরাপদ সড়ক, গ্রাম আদালত পরিচালনা, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণসহ জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উপর আলোচনা করার জন্য বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জকে অনুরোধ জানানো হয়।

১.১ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোনো আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর নভেম্বর ২০২৪ মাসের অপরাধচিত্র তুলে ধরা হয়।

১.২ জেলায় সংঘটিত বিবেচ্য মাস, পূর্ববর্তী মাস ও গত বছরের একই মাসের অপরাধ চিত্রের বর্ণনা নিম্নরূপ :

ক্র: নং	মাসের নাম	ডাকাতি	দস্যুতা	খুন	দ্রুত বিচার	ধর্ষণ	নারী ও শিশু নির্যাতন	এসিড অপরাধ	অপহরণ	পুলিশ আক্রান্ত	সিঁধেল চুরি	চুরি
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১	নভেম্বর ২০২৪	-	-	৭	-	৪	৯	-	-	১	-	৪
২	অক্টোবর ২০২৪	-	২	৪	-	৯	১২	-	১	-	-	৫
৩	নভেম্বর ২০২৩	-	১	২	-	৫	৯	-	-	-	-	১

২য় অংশ

ক্র:নং	মাসের নাম	গবাদি পশু চুরি	অস্ত্র আইন	বিস্ফোরক দ্রব্য	মাদকদ্রব্য	চোরাচালান	অন্যান্য	মোট
১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২
১	নভেম্বর ২০২৪	১	-	৭	২৬	৫	৬৫	১৪৮
২	অক্টোবর ২০২৪	১	১	৮	৩৬	২৩	৭২	১৭৪
৩	নভেম্বর ২০২৩	-	৩	৭	৭১	১৬	৪৮	১৬৩

অপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায়, অক্টোবর ২০২৪ মাসের চেয়ে নভেম্বর ২০২৪ মাসে খুন, পুলিশ আক্রান্ত বিষয়ে অপরাধ প্রবণতা বৃদ্ধি পেয়েছে এবং দস্যুতা, ধর্ষণ, নারী ও শিশু নির্যাতন, অপহরণ, চুরি, অস্ত্র আইন, বিস্ফোরক দ্রব্য, মাদকদ্রব্য, চোরাচালান ও অন্যান্য বিষয়ে অপরাধ প্রবণতা হ্রাস পেয়েছে।
১.৩ উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, বিবেচ্য মাসে ফেনসিডিল, গাঁজা, চোলাই মদসহ বিভিন্ন ধরনের মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে। তারা প্রতিনিয়ত নিজ নিজ জায়গা থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে কাজ করছেন, কিন্তু দৃশ্যমান বেশি কিছু হচ্ছে না।

মাদকদ্রব্য পাচারের ধরণ পরিবর্তন হচ্ছে। কিছুদিন আগে চাঁপাইনবাবগঞ্জে গাঁজার বড় বড় চালান ধরা পড়ত মাঝখানে কিছুটা কমেছিল। গত মাসে ৮৬ কেজি গাঁজার চালান ধরা পড়েছে। এতে এজাহারভুক্ত আসামি ছিল চারজন তার মধ্যে দুইজন গ্রেফতার হয়েছে। তিনি উল্লেখ করেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ হওয়ার পর মাদকের মামলায় সাজার পরিমাণ বৃদ্ধি পেয়েছে। লক্ষ্য করা যাচ্ছে একই ব্যক্তি দশ-বিশ বার একই অপরাধে অভিযুক্ত হয়ে জেলখানায় যাচ্ছে। এ বিষয়ে আইনজীবীদের নৈতিকভাবে কাজ করতে হবে। মাদক একটি সামাজিক সমস্যা। কারো এককভাবে এটি সমাধান করা সম্ভব নয়। আমরা সকলে একসাথে কাজ করলে মাদক নিয়ন্ত্রণে রাখা যাবে। সভাপতির এক প্রশ্নের জবাবে তিনি বলেন, এ জেলায় লাইসেন্সভুক্ত তিনটি মাদকের দোকান রয়েছে। নন-মুসলিম সদস্যরা এসব মাদক ক্রয় করতে পারেন।

১.৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন চাঁপাইনবাবগঞ্জ সভাপতির প্রশ্নের জবাবে সভাকে অবহিত করেন, নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহ, মানবপাচার, সন্ত্রাস ও নাশকতা বিষয়ে নিয়মিত প্রচার প্রচারণা কার্যক্রম চলমান রয়েছে। প্রতিমাসে উপজেলা সমন্বয় কমিটির সভায় উক্ত বিষয়ে আলোচনা করা হয়। গত মাসে ২২০ জন সদস্যের সমন্বয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি নিয়ে আলোচনা হয়েছে। উর্ধ্বতন অফিস থেকে কোনো নির্দেশনা আসলে সংশ্লিষ্ট সকলকে হোয়াটস অ্যাপের মাধ্যমে জানিয়ে দেওয়া হয়। এছাড়া তিনি উল্লেখ করেন, জেলা মডেল মসজিদের সামনে সকাল থেকে বিকাল পর্যন্ত বাস ও ট্রাক দাঁড় করিয়ে রাখা হয়। এ সকল যানবাহন সেখানে না রাখার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হয়।

১.৫। সাধারণ সম্পাদক, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সভাপতির প্রশ্নের জবাবে সভাকে অবহিত করেন, বর্তমানে চাঁপাইনবাবগঞ্জ জেলায় কোনো ধরনের সমস্যা নেই। এখানে সব ধর্মের মানুষ মিলেমিশে বসবাস করছেন। চিন্ময়কৃষ্ণ দাস গ্রেফতার হওয়ার পর জনমনে আতঙ্ক বিরাজ করছিল। এখন তা স্বাভাবিক হয়ে গেছে।

১.৬। উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, সামাজিক সম্প্রীতির ক্ষেত্রে বিভিন্ন জায়গায় যে তাফসির মাহফিল হয় সেগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি তাফসিরের মাধ্যমে মানুষের মাঝে ঐক্য, সম্প্রীতি, সহানুভূতি ছড়িয়ে পড়ুক এ আহবান করেন।

১.৭। সভাপতি, বাস মালিক সমিতি, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, চাঁপাইনবাবগঞ্জের কোন কোন জায়গায় মাদক বিক্রয় হয় তা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানে। পুলিশ ধরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে দিলে এটি হবে লম্বা প্রসেস। এক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকেই সরাসরি ভূমিকা নিতে হবে। একটি পানের দোকানদারও জানে চাঁপাইনবাবগঞ্জে কোথায় কোথায় মাদক বিক্রয় হয়। সন্ধ্যা সাতটা থেকে রাত দশটা পর্যন্ত মাদকের ছড়াছড়ি চলে। সংশ্লিষ্টদের এ বিষয়ে ভালোভাবে খোঁজ-খবর নিয়ে সক্রিয় ভূমিকা পালন করা দরকার। মাদকের মামলায় জামিন না দেওয়ার জন্য বিজ্ঞ পিপি মহোদয়ের মাধ্যমে কোর্টকে সুপারিশ কর হয়। এছাড়া মডেল মসজিদের সামনে বাস বা ট্রাক যেন দাঁড় করিয়ে না রাখা হয় সে বিষয়ে সকলকে অবহিত করা হবে এবং সাইনবোর্ড লাগিয়ে দেওয়া হবে।

১.৮। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), শাহ্ নেয়ামতুল্লা কলেজ, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, তাফসির ও ওয়াজ মাহফিলের মাধ্যমে আর্থ-সামাজিক সচেতনতা, নৈতিকতা, সাম্য, ঐক্য, সম্প্রীতি ও সহানুভূতির মহান আদর্শ প্রচার করা হয়। তাফসিরে মাদকের বিপক্ষে যে আলোচনা করা হয় তা সবচেয়ে ফলপ্রসু হয়। বিগত স্বৈরশাসনের সময় দেশের নীতি-নৈতিকতা ধ্বংশ করে দেওয়া হয়েছে। চাঁপাইনবাবগঞ্জ সদরে যেসব মাদক সম্রাট রয়েছে তাদের গ্রেফতারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

১.৯ জনাব মোঃ মুনিম হোসেন, প্রতিনিধি, র‍্যাব-৫, চাঁপাইনবাবগঞ্জ জানান যে, বিবেচ্য মাসে হেরোইন ৩.৩০০ গ্রাম, ফেনসিডিল ৪৯৬ বোতল এবং ৯.৯৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। এছাড়া তিনি বলেন, গ্রাম পর্যায় থেকে তথ্য দিয়ে সহায়তা করলে আরো ভালো হবে।

১.১০ জনাব মোঃ আঃ ওয়াদুদ, প্রতিনিধি, ১৬ বিজিবি, নওগাঁ সভাকে অবহিত করেন, নভেম্বর ২০২৪ মাসে ফেনসিডিল-১০ বোতল, গাঁজা-১.৩ কেজি, বিভিন্ন প্রকার মোবাইল ফোন-২২৭টি, মোটর সাইকেল- ০২টি উদ্ধার করা হয়েছে। এছাড়া তিনি বলেন, সীমান্ত এলাকায় জনসাধারণের জানমাল রক্ষায় বিজিবি তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করছে।

১.১১ জেল সুপার, জেলা কারাগার, চাঁপাইনবাবগঞ্জ সভাপতির প্রশ্নের জবাবে সভাকে অবহিত করেন, বর্তমানে জেলা কারাগারে কোনো শিশু কিশোর বন্দী নেই তবে মায়ের সাথে পাঁচজন শিশু রয়েছে। মাদক মামলায় আসামি রয়েছে ৩৪২ জন। জেলার সার্বিক পরিস্থিতি ভালো রয়েছে।

১.১২ জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, এ জেলায় ৫৭ টি প্রতিষ্ঠানে নিরাপত্তার জন্য আনসার সদস্যগণ দায়িত্ব পালন করে থাকে। এ সকল আনসার সদস্যদের মাসিক বেতন-ভাতা প্রদানে অনেক সময় বিলম্ব করা হয়। বেতন-ভাতা প্রদানে বিলম্ব না করে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে পরিশোধের জন্য অনুরোধ করা হয়। এছাড়া উঠতি বয়সের ছেলে-মেয়েদের মাদকের বিষয়ে নিরুৎসাহিত করার জন্য বিভিন্ন ধরনের খেলাধুলার আয়োজন করা যেতে পারে।

১.১৩ বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, বর্তমান জেলা প্রশাসক ও পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ মহোদয় এ জেলায় যোগদান করার পর থেকে জেলাবাসী শান্তিতে ও স্বস্তিতে রয়েছে। এছাড়া তিনি উল্লেখ করেন, ০৫ আগস্টে আমাদের মালখানা লুট হয়েছে। সেখানে অফিসে ব্যবহৃত কম্পিউটার সেট, প্রিন্টার, স্ক্যানার, সিসি ক্যামেরা, মনিটার, মোটরসাইকেল, বাইসাইকেল, মোবাইল, কম্পিউটার, ল্যাপটপ, নগদ টাকা, জাল টাকা, ইয়াবা, ফেনসিডিল, গাঁজা, চোলাই মদ, পিস্তল ও গুলি, পিস্তলের ম্যাকজিন, শুটারগানের গুলি, দেশীয় অস্ত্র ও স্বর্ণ অলংকারসহ বিভিন্ন ধরনের গুরুত্বপূর্ণ আলামত পালাক্রমে লুট হয়। এ বিষয়ে সদর মডেল থানায় একটি এজাহার দায়ের করা হয়েছে। মামলা পরিচালনাকালে চাঁপাইনবাবগঞ্জ কোর্ট মালখানা হতে আলামত উপস্থাপন করতে না পারা প্রসঙ্গে একটি চিঠি চলে আসে। ফলে উক্ত মামলার আসামি খালাস হয়ে যায়। উক্ত মালামালগুলো উদ্ধারের চেষ্টা হয়েছে কি না জানা নেই।

১.১৪ উপপরিচালক, এনএসআই, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, তাদের অফিসারগণ যখন দায়িত্ব পালনের জন্য মাঠে যান তখন হামলার শিকার হন। কেন তারা হামলার শিকার হচ্ছেন এ বিষয়টি আলোচনা করা দরকার। তারা বৈধপথে অভিযান পরিচালনা করছেন কিন্তু হামলার বিষয়ে কারা উসকানি দিচ্ছে তা খতিয়ে দেখা উচিত। আমাদের অভিযান পরিচালনার ক্ষেত্রে যদি বাধার সৃষ্টি হয় তাহলে দায়িত্ব পালন করা কষ্টকর হয়ে দাঁড়াবে। কিছু ক্ষেত্রে দেখা যায় পুলিশ আসামি গ্রেফতার করে থানায় নিয়ে আসার পরে একটি শ্রেণি এদেরকে ছাড়িয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করে। এক্ষেত্রে পুলিশ ও প্রশাসনের প্রভাব বিস্তার করা উচিত বলে তিনি মতামত প্রকাশ করেন।

১.১৫ মেজর ইমরুল, প্রতিনিধি, ৫৯ বিজিবি, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, আলোচ্য মাসে ফেন্সিডিল-১৩৯৬ বোতল, বিদেশি মদ-৮৫ বোতল, গাঁজা- ১.৮৫০ কেজি, Tapentadol-৩৪৭০ পিসসহ বিভিন্ন ধরনের মালামাল উদ্ধার করা হয়েছে। সীমান্তে আতঙ্ক হওয়ার মতো কিছু হয়নি। তাদের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। এ জেলা একটি মাদকপ্রবণ জেলা। বিজিবি সীমান্তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে সোচ্চার রয়েছে। এছাড়া চোরাচালান রোধে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

১.১৬ সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, অদ্য সকাল ০৮.০০ ঘটিকা পর্যন্ত এ জেলায় ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা ৪৯১ জন। গত কয়েক দিনে ডেঙ্গুর প্রকোপ কিছুটা কমেছে। গত ২৪ ঘণ্টায় চারজন শনাক্ত হয়েছে। পৌরসভা থেমে ডেঙ্গু নিয়ন্ত্রণে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ডেঙ্গু মশার আক্রমণ থেকে বাঁচতে বাড়ির আশেপাশের ঝোপঝাড়, ডাবের খোসা, ফুলের টব ইত্যাদি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১.১৭ পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ সভাকে অবহিত করেন, জেলা মালখানা লুটের বিষয়ে গঠিত কমিটি ও জেলা কোর কমিটিতে আলোচনা হয়েছে। সেখানে খোয়া যাওয়া অস্ত্রসহ মালামাল গোয়েন্দা তথ্যের ভিত্তিতে উদ্ধার করা হবে। এ বিষয়ে কারো কাছ থেকে তথ্য পেলে সেখানে অভিযান পরিচালনা করা হবে। তারা এ বিষয়ে সজাগ ও তৎপর রয়েছে। মাদক নিয়ে অনেক কথা হয়েছে, এখানে মাদকের পরিসর ব্যাপক। মাদক উদ্ধার হচ্ছে ও মাদকের আসামি গ্রেফতার হচ্ছে তবে হয়তো প্রত্যাশা অনুযায়ী হচ্ছে না। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মাদকদ্রব্য নিয়ন্ত্রণে কাজ করছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে জনসচেতনতা দরকার। এছাড়া তিনি বলেন, মাদকদ্রব্য বিষয়ে কেউ তথ্য দিয়ে সহযোগিতা করলে তাৎক্ষণিক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি বলেন, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে যেমন পুলিশ, র‍্যাব ও অন্যান্য বাহিনীর দায়িত্ব রয়েছে পাশাপাশি জনসাধারণের ও দায়িত্ব আছে তথ্য দিয়ে সহযোগিতা করার। আইন-শৃঙ্খলা রক্ষায় বর্তমানে সবচেয়ে জরুরি বিষয় হচ্ছে ধর্মীয় সম্প্রীতি। এজন্য রাজনৈতিক ও ধর্মীয় ঐক্য প্রয়োজন।

১.১৮ জেলা আইন-শৃঙ্খলা রক্ষা কমিটির সম্মানিত সভাপতি ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আব্দুস সামাদ সভাকে অবহিত করেন, চাঁপাইনবাবগঞ্জ জেলায় সামাজিক সম্প্রীতিসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। আমাদেরকে আরো সজাগ থাকতে হবে। কারো উসকানিতে আমরা পা দিব না। আসন্ন মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদার সাথে পালন করা হবে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ আমাদের সকলকে তৎপর থাকতে হবে।

০২। অতঃপর আইন-শৃঙ্খলা রক্ষা ও অপরাধ নিয়ন্ত্রণ সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আয়োজন	উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ
২.২	জেলা সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি	জেলা ও উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য এবং গুরুতর অপরাধসমূহ হ্রাসের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, চাঁপাইনববাগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৩। কমিটির অন্যান্য সংশ্লিষ্ট সদস্যগণ
২.৩	অপরাধচিত্র সংক্রান্ত আলোচনা	জেলা ও উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে উক্ত অপরাধসমূহ আরও কমিয়ে আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, চাঁপাইনববাগঞ্জ ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজেস্ট্রট, চাঁপাইনবাবগঞ্জ ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৪। কোম্পানি কমান্ডার, সিপিসি-১, র‌্যাব-৫, চাঁপাইনবাবগঞ্জ ৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চাঁপাইনবাবগঞ্জ
২.৪	জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত আলোচনা	যুবসমাজকে মাদকের হাত থেকে রক্ষা করার জন্য ইউনিয়ন/পৌরসভা, উপজেলা ও জেলা পর্যায়ে সরকারি/বেসরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, সাংবাদিক, এনজিওকর্মী ও সুশীল সমাজের সমন্বয়ে কর্মতৎপরতা বৃদ্ধি করতে হবে। সোনামসজিদ স্থলবন্দরসহ সীমান্তবর্তী চোরাচালানপ্রবণ স্থানে নতুন চেকপোস্ট স্থাপন ও বিদ্যমান চেকপোস্টের তল্লাশি কার্যক্রম জোরদার করতে হবে। মাদকসেবী ও মাদক বিক্রেতাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা জোরদার করতে হবে। সকল মসজিদে প্রতি জুম্মায় খুৎবা পাঠ করার সময় মাদকবিরোধী বক্তব্য প্রদান অব্যাহত রাখতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মীয় শিক্ষকের মাধ্যমে ছাত্রদের মাঝে মাদক বিষয়ে সচেতনতা অব্যাহত রাখতে হবে।	১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ ২। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ ৩। অধিনায়ক, ৫৩/৫৯/১৬ বিজিবি, চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ ৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজেস্ট্রট, চাঁপাইনবাবগঞ্জ ৫। কোম্পানি কমান্ডার, সিপিসি-১, র‌্যাব-৫, চাঁপাইনবাবগঞ্জ ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৭। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ ৮। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর , চাঁপাইনবাবগঞ্জ ৯। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁপাইনবাবগঞ্জ
২.৫	জঙ্গিবাদ ও সন্ত্রাস কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ	ক) সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও মসজিদের পেশ ইমামদের সমন্বয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক সভা সমাবেশ আয়োজন অব্যাহত রাখতে হবে। খ) জেলার প্রতিটি মসজিদে জুমার নামাজের খুৎবা পাঠে সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী বক্তব্য প্রদান অব্যাহত রাখতে হবে।	১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৩। প্রশাসক, সকল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ ৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁপাইনবাবগঞ্জ ৫। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
২.৬	অবৈধ স্থাপনা অপসারণ ও উচ্ছেদ সংক্রান্ত	ক) শহর এলাকা যানজটমুক্ত রাখতে অবৈধ স্থাপনা দ্রুত অপসারণ এবং সড়ক মহাসড়কের পাশে স্থাপিত অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদ করতে হবে। এছাড়াও শহরকে পরিষ্কার-পরিচ্ছন্ন করতে সকল প্রকার ব্যানার ও বিলবোর্ড অপসারণ করতে হবে। এছাড়া সড়ক ও মহাসড়কের পাশে নতুন করে যেন কোনো অবৈধ স্থাপনা তৈরি হতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে হবে।	১। প্রশাসক, সকল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ ২। নির্বাহী প্রকৌশলী, সওজ বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ

		খ) যানজট নিরসনে সকল পৌর এলাকায় অবৈধ পার্কিং ও ভটভটি চলাচল বন্ধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ ২। প্রশাসক, সকল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
		গ) ফুটপাথে ও রাস্তায় বিভিন্ন নির্মান সামগ্রী ও দোকানের পণ্য রেখে প্রতিবন্ধকতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ ২। প্রশাসক, সকল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
২.৭	বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা	বাল্যবিবাহ প্রতিরোধে এবং এর কুফল সম্পর্কে জনগণকে সচেতন করতে সকল মসজিদের ইমাম, ঘটক, নিয়োজিত নিকাহ রেজিস্ট্রার, নোটারি পাবলিক, স্কুল-কলেজের ধর্মীয় শিক্ষক, ইউপি চেয়ারম্যান ও জনপ্রতিনিধিদের সমন্বয়ে জনসচেতনতামূলক সভা আয়োজন করতে হবে।	১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ ২। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ ৩। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), চাঁপাইনবাবগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৫। প্রশাসক, সকল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ ৬। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁপাইনবাবগঞ্জ ৭। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ ৮। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ ৯। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
২.৮	পণ্যে পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিতকরণ	পণ্যে পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিত করতে বিভিন্ন ধরণের সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে। পণ্যে পাটজাত মোড়কের ব্যবহার নিশ্চিতকরণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৩। পাট উন্নয়ন কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ
২.৯	নিরাপদ সড়ক বিষয়ে আলোচনা	১। নিরাপদ সড়ক নিশ্চিতকল্পে যথাযথ বিধিবিধান অনুসরণপূর্বক যানবাহনের লাইসেন্স প্রদান ও নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। পেশাদার মোটরযান চালকদের ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়নকালে প্রার্থীর আবেদনের সাথে সরকারি হাসপাতাল কর্তৃক সম্পাদিত ডোপটেস্ট সনদ/রিপোর্ট দাখিল করতে হবে। ড্রাইভিং লাইসেন্সবিহীন চালকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। দালাল চক্রকে প্রতিহত করতে হবে।	১। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ ২। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ ৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৪। সহকারী পরিচালক (ইঞ্জ:), বিআরটিএ, চাঁপাইনবাবগঞ্জ
		২। উঠান বৈঠক ও মসজিদে খুৎবা পাঠের সময় নিরাপদ সড়ক বিষয়ে প্রয়োজনীয় আলোচনা রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ ৩। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চাঁপাইনবাবগঞ্জ
২.১০	মোবাইল কোর্ট পরিচালনা	মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত সকল আইনে মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধি করতে হবে।	১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৩। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), চাঁপাইনবাবগঞ্জ

২.১১	গ্রাম আদালতের কার্যক্রম পরিচালনা	জনস্বার্থে ইউনিয়ন পর্যায়ে গ্রাম আদালত পরিচালনা জোরদার করতে হবে। বিচারের এখতিয়ারের বাইরে কেউ যেন বিচারিক কার্যক্রম পরিচালনা না করে সে বিষয়টি লক্ষ্য রাখতে হবে। গ্রাম আদালত বিধিমালা, ২০১৬ ইউপি চেয়ারম্যানদের ভালোভাবে জানতে হবে। গ্রাম আদালতের মামলা গ্রাম আদালতেই নিষ্পত্তি করতে হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।	১। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৩। জেলা ম্যানেজার, জেলা গ্রাম আদালত পরিচালনা প্রকল্প, চাঁপাইনবাবগঞ্জ
২.১২	নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির অবৈধ মজুদ, কালোবাজারি রোধ এবং স্বাভাবিক সরবরাহ নিশ্চিতকরণ	নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির অবৈধ মজুদ, কালোবাজারি রোধ এবং হাট-বাজারে স্বাভাবিক স্বাভাবিক সরবরাহ নিশ্চিতকল্পে ‘বিশেষ টাস্কফোর্স’-এর অভিযান জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত পরিচালনা করতে হবে। এছাড়া অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনববাগঞ্জ ৩। সভাপতি, চেম্বার অব কমার্স, চাঁপাইনবাবগঞ্জ

৩। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪-১২-২০২৪
মোঃ আব্দুস সামাদ
জেলা ম্যাজিস্ট্রেট

নম্বর: ০৫.৪৩.৭০০০.০১২.০১.০২৪.১৯.২২২৯

তারিখ: ৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব (রুটিন দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ।
৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
৫। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
৮। উপপরিচালক, এনএসআই, চাঁপাইনবাবগঞ্জ।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
১১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (অতিরিক্ত দায়িত্ব), এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
১২। জেলা মৎস্য কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।
১৩। অধ্যক্ষ, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ।
১৪। অধ্যক্ষ, নবাবগঞ্জ সরকারি মহিলা কলেজ, চাঁপাইনবাবগঞ্জ।
১৫। অধ্যক্ষ, নবাবগঞ্জ ইউসুফ আলী কলেজ, চাঁপাইনবাবগঞ্জ।
১৬। অতিরিক্ত পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ সদর সার্কেল/ সহকারী পুলিশ সুপার, গোমস্তাপুর সার্কেল, চাঁপাইনবাবগঞ্জ।
১৭। কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র‍্যাব-৫, চাঁপাইনবাবগঞ্জ।
১৮। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চাঁপাইনবাবগঞ্জ।

১৯। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
২০। উপপরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
২১। উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
২২। জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি, চাঁপাইনবাবগঞ্জ।
২৩। উপপরিচালক, ইসলামী ফাউন্ডেশন, চাঁপাইনবাবগঞ্জ।
২৪। তত্ত্বাবধায়ক, জেলা কারাগার, চাঁপাইনবাবগঞ্জ।
২৫। সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, চাঁপাইনবাবগঞ্জ।
২৬। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
২৭। সহকারী পরিচালক, ওষুধ প্রশাসন, চাঁপাইনবাবগঞ্জ।
২৮। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
২৯। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, চাঁপাইনবাবগঞ্জ।
৩০। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, চাঁপাইনবাবগঞ্জ।
৩১। সভাপতি, জেলা প্রেসক্লাব / চাঁপাইনবাবগঞ্জ প্রেসক্লাব, চাঁপাইনবাবগঞ্জ।
৩২। সভাপতি, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রীস্টান ঐক্য পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ জেলা।

২৪-১২-২০২৪
মোঃ আব্দুস সামাদ
জেলা ম্যাজিস্ট্রেট